

বিচার না পেয়ে মোল্লাহাটে ধর্ষিতা স্কুলছাত্রী নাসরিনের আত্মহত্যা

আম্যমাণ প্রতিনিধি, বাগেরহাট ॥ ইন্দিরার পর এবার জেলার মোল্লাহাটের জুটিম্বর গ্রামে ধর্ষণের শিকার আরো এক স্কুলছাত্রী বিচার না পেয়ে গত বৃহস্পতিবার রাতে আত্মহনন করেছে। ১০ ফেব্রুয়ারী রাতে ৯ম শ্রেণীর ছাত্রী নাসরিন আক্তার (১৪) প্রকৃতির ডাকে ঘর থেকে বের হলে কয়েক দুষ্কৃতকারী মুখ বেঁধে ধরে নিয়ে ধর্ষণ করে। ধর্ষকরা প্রভাবশালী হওয়ায় সালিশের নামে সময় ক্ষেপণ করে ধর্ষিতার আলামত নষ্ট করে ফেলে। ফলে ধর্ষণের প্রায় দু'সপ্তাহ পর তাকে পরীক্ষার জন্য ডাক্তারের কাছে নেয়া হলে কোনও আলামতই তখন পাওয়া যায়নি। বোনের ধর্ষণের বিচারের আশায় থানায় ঘোরাঘুরি করে মামলা দিতে না পারায়

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ প্রঃ)

বিচার না পেয়ে

(প্রথম পৃঃ পর)

৥ জাকির হোসেন গত ১৭ ফেব্রুয়ারী ম্যাজিস্ট্রেট আদালতে মামলা করেন। আদালতের নির্দেশে থানা পুলিশ বাধ্য হয়ে গত ২৪ ফেব্রুয়ারী ৫ জনকে আসামী করে মামলা রুজু করলেও পুলিশ আসামী ধরার ব্যাপারে গড়িমসি করে। এ সুযোগে আসামীদের ক্রমাগত মামলা তুলে নেয়ার হুমকির মুখে পড়ে নাসরিন বিষপানে আত্মহত্যা করতে বাধ্য হয়। এ বিষয়ে বক্তব্য নেয়ার জন্য মোল্লাহাট থানায় বিকাল সোয়া ৫টায় ফোন করা হলে বকশি ছাড়া কাউকে পাওয়া যায়নি।